



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০০.৪৭০০.০১৭.২৭.০০১.১৫-৩৫৪

তারিখ : ২০ ভাদ্র, ১৪২৯
০৪ সেপ্টেম্বর, ২০২২

বিষয় : খুলনা জেলার কয়রা উপজেলার দক্ষিণ বেদকাশী ইউনিয়ন চেয়ারম্যান জনাব আছের আলী মোড়লের দায়িত্ব পালন সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা এর স্মারক নং-৪৯২, তারিখ: ০৪/০৮/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত বেদকাশী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আছের আলী মোড়ল চার্জশিটভুক্ত আসামী হিসাবে নির্বাচনে অংশগ্রহণ করেন। জেলা প্রশাসক, খুলনার পত্র অনুযায়ী নির্বাচিত চেয়ারম্যান হিসাবে শপথ গ্রহণের সময় হলফনামায় তিনি চার্জশিটের বিষয়ে বা মামলার বিষয়টি উল্লেখ করেননি অর্থাৎ গোপন করেছেন। দেখা যায় তিনি এখনো চার্জশিটভুক্ত আসামী। সুতরাং জামিন পেলেও তাঁর দায়িত্বে নিয়ে আসার সুযোগ আছে বলে প্রতীয়মান হয়না।

০২। বর্ণিতাবস্থায়, যেহেতু খুলনা জেলা প্রশাসক এর আওতাধীন অনুষ্ঠিত নির্বাচনে তিনি প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন সেহেতু তিনি বর্তমান পরিস্থিতিতে চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করে যেতে পারবেন কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(জেসমীন প্রধান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
খুলনা।

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।